

## নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর নিম্নবর্ণিত পদ সমূহে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online- এ আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্র.নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	পরিচালক (অর্থ ও হিসাব) বেতন স্কেলঃ ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩) (চুক্তিভিত্তিক)	০১	১. সরকার স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক বা সমমান ডিগ্রি সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ২. শিক্ষা জীবনে সনদ প্রাপ্ত সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ বা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ অথবা সিজিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। ৩. সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিভাগের প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসেবে মোট ১৫ (পনের) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। ৪. সংশ্লিষ্ট বিভাগে উপ-পরিচালক (অর্থ ও হিসাব) বা তদূর্ধ্ব পদে ন্যূনতম মোট ০৮ (আট) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৫. আর্থিক বিধিমালা ও বাজেট প্রস্তুতের অভিজ্ঞতা থাকতে হবে। ৬. সরকারি/স্বায়ত্তশাসিত/স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/আন্তর্জাতিক প্রতিষ্ঠান হতে অবসরপ্রাপ্ত প্রার্থীরা চুক্তিভিত্তিক হিসেবে যোগদান করার জন্য আবেদন করতে পারবেন। ৭. চুক্তিভিত্তিক হিসেবে যোগদান এর ক্ষেত্রে বয়সসীমা প্রযোজ্য নয়। ৮. কম্পিউটার ও বিশ্ববিদ্যালয় অটোমেশন সফটওয়্যার ব্যবহারে দক্ষ হতে হবে।
০২	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বেতন স্কেলঃ ৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-৩) (চুক্তিভিত্তিক)	০১	১. সরকার স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক বা সমমান ডিগ্রি সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ২. শিক্ষা জীবনে সনদ প্রাপ্ত সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ বা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ অথবা সিজিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। ৩. সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিভাগের প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসেবে মোট ১৫ (পনের) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। ৪. সংশ্লিষ্ট বিভাগে উপ-পরিচালক বা সমমান বা তদূর্ধ্ব পদে ন্যূনতম মোট ০৮ (আট) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৫. ডিপিপি প্রস্তুতের অভিজ্ঞতা থাকতে হবে। ৬. পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ক কোন ডিগ্রি/ডিপ্লোমা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। ৭. সরকারি/স্বায়ত্তশাসিত/স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/আন্তর্জাতিক প্রতিষ্ঠান হতে অবসরপ্রাপ্ত প্রার্থীরা চুক্তিভিত্তিক হিসেবে যোগদান করার জন্য আবেদন করতে পারবেন। ৮. চুক্তিভিত্তিক হিসেবে যোগদান এর ক্ষেত্রে বয়সসীমা প্রযোজ্য নয়। ৯. কম্পিউটার ও বিশ্ববিদ্যালয় অটোমেশন সফটওয়্যার ব্যবহারে দক্ষ হতে হবে।
	মোটঃ	০২	

### শর্তাবলীঃ

- আগ্রহী প্রার্থীদের আগামী ১৬/০৯/২০২৩ তারিখ রাত ১২.০০ টার মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটঃ <https://jobs.bdu.ac.bd/> এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। উক্ত Application Form ও নিয়োগ বিজ্ঞপ্তি ৩১/০৮/২০২৩ তারিখ রাত ১২.০০ টার পর থেকে বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাবে।
- প্রার্থীদেরকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, চাকরির তহলে কর্তৃপক্ষের অনুমতিপত্র এর মূল সনদের রসিদ স্ক্যান কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form এর নির্ধারিত অংশে সংযুক্ত করতে হবে।
- প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার তারিখ এসএমএস ও ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে এবং পরীক্ষার প্রবেশ পত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটঃ <https://jobs.bdu.ac.bd/> থেকে ডাউনলোড করতে হবে। এই মর্মে কোন ধরনের পত্র ইস্যু করা হবে না।
- সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীদের আবেদনের সকল তথ্য সঠিকভাবে পূরণ করে অনলাইনে অর্থ মন্ত্রণালয় এর গত ১৭/০৮/২০২৩ ইং তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৪-২৩৫(১) নং স্মারক মোতাবেক পরীক্ষার ফি সংক্রান্ত উক্ত মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করে ৬০০/- (ছয়শত) টাকা জমা দিতে হবে (পেমেন্ট নির্দেশিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটঃ <https://jobs.bdu.ac.bd/> এ পাওয়া যাবে)।
- বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বর্জন এবং নিয়োগ কার্যক্রমের আংশিক/ সম্পূর্ণ পরিবর্তন / বাতিল এবং পদের সংখ্যা হ্রাস / বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।
- বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত উচ্চ ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমানের সনদ আবেদনের সময় অবশ্যই দাখিল করতে হবে।
- নিয়োগ লাভের পর প্রার্থীর প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- Online আবেদনে কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে ০৯৬৬৬৭৭৫৫৩৪, ০১৫৫০০৫০৮৩৩ নম্বরে ফোন করে জরুরি সেবা গ্রহণ করা যেতে পারে।



ড. মোঃ নাসির উদ্দিন  
রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ